

কাঁপে ঘুঘুর মন

ছুটির দিনের একলা বিকেল  
বিষন্নতায় ভরা,  
নেইকো তুমি সেই শোকেতে  
নামলো বাদল ধারা।

গাছের ডালের দু'টি ঘুঘু  
উড়াল দিয়ে গিয়ে,  
বসলো তারা বীজন মাঠের  
পাতার কুটীর ছায়ে।

হিমেল বাতাস জুড়ায় পরাণ  
কাঁপন লাগে পায়ে,  
উষতারই আশায় তারা  
মেশে গায়ে গায়ে।

বাদল ধারার ঝাপটা এসে  
ভেজায় কুটীর, বন  
বারিস ভরা বাদল দিনে  
কাঁপে ঘুঘুর মন।

চঞ্চু পরে চঞ্চু রেখে  
উষতাকে খোঁজে,  
নেইকো খেয়াল এরি ফাঁকে  
ঘুঘুর শরীর ভেজে।